গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

doict.sadar.gopalganj.gov.bd

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাদিকুর রহমান খান<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ৩১ আগষ্ট, ২০২০খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | Zoom ভার্চুয়াল প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-“ক” |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গোপালগঞ্জ সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে নবগঠিত উপজেলা আইসিটি কমিটির পরিচিতি, লক্ষ্য ও কার্যাবলী সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান জানানো হয়। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা, সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাব সমূহে ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়ন হালানাগাদ করণ । | উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়ন হালানাগাদ করণ বিষয়ে আলোচনা করা হয় এবং উপজেলা পর্যায়ে পোর্টালে অন্তর্ভূক্ত সরকারি সকল দপ্তরকে পত্র প্রদানের মাধ্যমে তাগিদ দেওয়ার সিদ্ধান্ত হয়। | ১। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর |
| ০২ | মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন। | ২.১। মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যবহার বৃদ্ধি ও শেখ রাসেল ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে উপজেলায় একটি বিশেষ সভার আয়োজন করতে হবে বলে সভায় সিদ্ধান্ত হয়। উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজর<br>৩। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর |
| ০৩ | নিজ নিজ দপ্তরের ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ৩.১। এক মাসের মধ্যে উপজেলাস্থ সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ সচিবগণ নিজ নিজ দপ্তর/ পরিষদের নামের সাথে মিল রেখে ই-মেইল আইডি খুলে তার প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবেন। | ১। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর |
| ০৪ | উপজেলার প্রত্যেক সরকারী দপ্তর হতে আইসিটি ফোকাল পয়েন্ট হিসেবে ০১ (এক) জন করে কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত করণ প্রসঙ্গেঃ | সহকারী প্রোগ্রামার সভায় অবহিত করেন যে এবিষয়ে সকল অফিসে পত্র প্রেরন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তার সফট কপি (doict.sadar.gopalganj@gmail.com)ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছে। কিন্তু অদ্যবদি সকল অফিস থেকে তথ্য পাওয়া যায়নি। সকল অফিসকে এ বিষয়ে জরুরি বাস্তবায়ন কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন | ৫.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫.২। কমিটির সদস্যগণ তথা উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত কম্পিউটার ল্যাব এর কার্যক্রম পর্যবেক্ষণপূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর |
| ০৬ | ই-ফাইলিং | ৬.১। সকল সরকারী দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।সকল অফিসের দপ্তর প্রধানগণের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে এটুআই বরাবর চিঠি প্রেরণ করতে হবে।<br>ইতোমধ্যে উপজেলার ১৫টি সরকারি অফিসের ই-নথি ট্রেইনিং সার্ভারে আইডি চালু করে ২দিনের প্রশিক্ষণ শেষ। পরবর্তীতে লাইভ সার্ভারের আইডির জন্য অনুরোধ পাঠানো হবে বলে সহকারী প্রোগ্রামার সভায় অবহিত করেন। | ১। সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর |
| ০৭ | ইন্টারনেট কানেক্টেভিটি | সভায় ইন্টারনেট কানেক্টেভিটি নিয়ে আলোচনা হয় সহকারী প্রোগ্রমার সভায় অবহিত করেন যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনকালীন সময় দেখা যায় গোপালগঞ্জ সদর উপজেলার রঘুনাথপুর ইউনিয়ন ছাড়া বাকি সব ইউনিয়নে বিটিসিএল এর মাধ্যমে ইন্টারনেট কানেকশন দেওয়া হয়েছে কিন্তু কোন ইউনিয়ন ইন্টারনেট ব্যবহার করতে পারছেনা বলে উদ্যোক্তারা অভিযোগ করে আসছে।<br>বিটিসিএল এর ব্যবস্থাপক,গোপালগঞ্জ সদর সভায় উপস্থিত ছিলেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিটিসিএল এর ব্যবস্থাপককে অনুরোধ জানানো হয়। | ১। ব্যবস্থাপক বিটিসিএল<br>২। সহকারী প্রকৌশলী বিটিসিএল |
| ০৮ | বিবিধ-১ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সভায় অংশগ্রহণের বিষয় আলোচনা হয়। প্রতিমাসের আইসিটি সভায় একজন চেয়ারম্যান ও একজন উদ্যোক্তাকে রাখার বিষয়ে সিদ্ধান্ত হয় | সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর |
| ০৯ | বিবিধ-২ | উপজেলায় বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য একটি ট্রেনিং ল্যাব ও উপজেলা ডিজিটাল সেন্টার চালুর বিষয়ে সভায় আলোচনা হয়। এর জন্য উপজেলায় দুটি রুম/কক্ষের প্রয়োজনীয়তা চেয়ে সহকারী প্রোগ্রামার উপজেলা নির্বাহী অফিসার এর নিকট অনুরোধ করেন। এ বিষয়ে জরুরি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর |
| ১০ | বিবিধ-৩ | সহকারী প্রোগ্রামার সভায় অভহিত করেন যে Infosarker 2 এর ODF, Switch, Router এর সোলার সিস্টেম আইপিএস দীর্ঘদিন থেকে অকেজো অবস্থায় আছে যার ফলে বিদ্যুৎচলে গেলে উপজেলার ইন্টারনেট সংযোগ ব্যহত হয়। বিয়ষটি দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | ১। সহকারী প্রোগ্রামার,গোপালগঞ্জ সদর<br>২। নাজির, ইউএনও অফিস |
| ১১ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | গত ০৯/০৮/২০২০ খ্রিঃ তারিখের জেলা আইসিটি কমিটির মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী উদ্যোক্তাদের হালনাগাদ তথ্য সংরক্ষণের জন্য গুগল ফরমে সকল ইউনিয়ন থেকে উদ্যোক্তাদের তথ্য চাওয়া হয় । ১৩ টি ইউনিয়ন থেকে তথ্য পাওয়া গেছে এছাড়াও সকল ইউনিয়নে নারী উদ্যোক্তাও নেই। যেসব ইউনিয়নে উদ্যোক্তা নেই সেসব ইউনিয়নে উদ্যোক্তা নিয়গের ব্যবস্থা নিতে হবে। | ১। উদ্যোক্তা নিয়োগ কমিটি |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাদিকুর রহমান খান
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৩৫৩২.০০০.০৬.০০২.১৯.১৬

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৭
১০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জেলাপ্রশাসক, গোপালগঞ্জ।

২) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,জেলা কার্যালয়,গোপালগঞ্জ।

৩) উপজেলা ..................................................................................অফিসার,সদর, গোপালগঞ্জ।

৪) চেয়ারম্যান/সচিব/উদ্যোক্তা (সকল), গোপালগঞ্জ সদর।

মোঃ আবদুল্লাহ আল মামুন
সহকারী প্রোগ্রামার